## উল্লাপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া ।

সভার তারিখ ঃ ২৩-০২-২০২৩ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| জানুয়ারি, ২০২৩ মাসের মাসিক সভায় ১৬-০১-২০২৩ খ্রি. তারিখের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় গৃহীত প্রকল্পগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের টেন্ডার ও পিআইসি কাজ দ্রুত শুরু করা হবে। |
| উল্লাপাড়া উপজেলায় ভূগভস্থ পানির মান অনুযায়ী গভীর নলকূপ বরাদ্দ পাওয়ার জন্য সুপারিশ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | গভীর নলকূপ বরাদ্দ পাওয়ার জন্য সুপারিশ প্রেরণ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের উপকারভোগীদের মাঝে সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। যথাসময়ের মধ্যে ভাতাভোগীদের ডাটা এন্ট্রি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উপকারভোগীদের কার্ড লিখে মহিলা বিষয়ক অফিসে জমা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া | উপকারভোগীদের মাঝে সঞ্চয় ফেরত প্রদানের ক্ষেত্রে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে |
| উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া | শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করা হচ্ছে |
| সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে আশ্রয়ণ/গুচ্ছগ্রামে বসবাসকারীদের অগ্রাধিকার দিয়ে তালিকা প্রদান করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে আশ্রয়ণ/গুচ্ছগ্রামে বসবাসকারীদের অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। |
| মাদক, জুয়া, বাল্যবিবাহ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে আনসার সদস্যদের তৎপরতা বৃদ্ধির জন্য আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া | মাদক, জুয়া, বাল্যবিবাহ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে আনসার সদস্যদের তৎপরতা বৃদ্ধির জন্য আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে |
| সারের মজুদ, বিতরণ ও বিপননে সার্বিক মনিটরিং চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে পরামর্শক্রমে কৃষি মেলার তারিখ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয় । কৃষিঋণ গ্রহণের ক্ষেত্রে ব্যাংক ম্যানেজারের সাথে কৃষকদের যোগাযোগ ও সমন্বয় সাধনের নিমিত্ত মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | সারের মজুদ, বিতরণ ও বিপননে সার্বিক মনিটরিং চলমান রাখা হয়েছে। আগামী ২৮ ফেব্রুয়ারি হতে ০২ মার্চ, ২০২৩ কৃষি মেলা আয়োজিত হবে। |
| উপজেলা মৎস্য খামার নিবন্ধন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে আগ্রহী খামারীদের নিবন্ধনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া | আগ্রহী খামারীদের নিবন্ধনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন নিশ্চিত করা হচ্ছে। |
| উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের জন্য গবাদি পশুর টিকা প্রদান কার্যক্রম শতভাগ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের জন্য গবাদি পশুর টিকা প্রদান কার্যক্রম শতভাগ সম্পন্ন করা হয়েছে |

| | | |
|---|---|---|
| প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং প্রেরিত ছক মোতাবেক বিদ্যালয় পরিদর্শন সংক্রান্ত তথ্য মাসিক সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। পরিদর্শনকালে উদঘাটিত সমস্যা সমাধানে সুস্পষ্ট মতামতসহ আগামী সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখা হবে এবং প্রেরিত ছক মোতাবেক বিদ্যালয় পরিদর্শন সংক্রান্ত তথ্য মাসিক সভায় উপস্থাপন অব্যাহত রাখা হবে। |
| বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিতভাবে মাসিক সভায় উপস্থাপন করতে হবে। দ্রুততম সময়ের মধ্যে বই বিতরণ সম্পন্ন করতে হবে। দমদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুনভবন নির্মানের জন্য জমি সংক্রান্ত সমস্যা নিরসনে উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার দ্বারা ভূমি জরিপ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | দমদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুনভবন নির্মানের জন্য জমি সংক্রান্ত সমস্যা নিরসনে উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার দ্বারা ভূমি জরিপের কাজ সম্পন্ন করা হয়েছে |
| উপজেলার কালিগঞ্জ আশ্রয়ণ ও এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্প সহ অন্যান্য আশ্রয়ণ প্রকল্পে উপজেলার সমবায় দপ্তরের ঋণ কার্যক্রম এবং উপজেলা যুব উন্নয়ন দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া | কালিগঞ্জ আশ্রয়ণ ও এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পসহ অন্যান্য আশ্রয়ণ প্রকল্পে ঋণ কার্যক্রম ও প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। |
| ধান ও চালের গুনগত মান নিশ্চিত করাসহ সঠিক ওজন নিশ্চিত করে ধান ও চাল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া | ধান ও চালের গুনগত মান নিশ্চিত করাসহ সঠিক ওজন নিশ্চিত করা হচ্ছে। |
| যে সকল অফিসের লিংক ওয়েব পোর্টালে সংযুক্ত নাই এবং যেসকল অফিসের তথ্য হালনাগাদ নাই জরুরী ভিত্তিতে সেসকল অফিস প্রধানগণকে তাদের স্ব স্ব অফিসের লিংক ওয়েব পোর্টালে সংযুক্ত করা/ হালনাগাদ করা নিশ্চিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অধিদপ্তর, উল্লাপাড়া | ওয়েব পোর্টাল হালনাগদ করণ কাজ চলমান আছে। |
| হাটিকুমরুল নিউ টাউন হাট বাজারের জন্য প্রয়োজনীয় পরিমান জমি সরকারের পক্ষে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের অনুকূলে রেজিস্ট্রি করে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া | হাটিকুমরুল নিউ টাউন হাটের জন্য প্রয়োজনীয় পরিমান জমি সরকারের পক্ষে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের অনুকূলে রেজিস্ট্রি করা সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি |
| **গভীর নলকূপের পাশে ব্যক্তিগত মালিকানাধীন নলকূপ থাকলে সেটি পূর্বের বিদ্যামান কিনা সরেজমিনে তদন্তপূর্বক** সে বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সরেজমিনে তদন্ত পূর্বক কচিয়ার বিল হতে চেংটিয়ার ব্রীজ পর্যন্ত জলাবদ্ধতা নিরসনে করণীয় নির্ধারণপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। চরভাটবেড়া ও ভাটবেড়া গ্রামের মাঝখানের বিলে জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া | গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| বিভাগীয় কর্মকর্তাগণ বর্তমান সরকারের আমলে সম্পাদিত উন্নয়ন কাজের অগ্রগতি চিত্র দপ্তর ভিত্তিক উপজেলা পরিষদের প্রেরণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে দপ্তর প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে |
| কৃষি কাজে সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি বহির্ভূতভাবে কোন অর্থ গ্রহণ করা যাবে না। বিধিমালা মোতাবেক সেচের বিনিময়ে নগদ অর্থ নিতে হবে কোন অবস্থাতেই সেচের বিনিময়ে ধান নেওয়া যাবে না | জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>সহকারী প্রকৌশলী, বিএডিসি | কৃষি কাজে সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি বহির্ভূতভাবে কোন অর্থ গ্রহণ না করার বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। |
| সকল বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে অফিসে হাজির হওয়া এবং দাপ্তরিক কাজের পাশাপাশি উপজেলা প্রশাসন কর্তৃক সরকারি বিভিন্ন দিবসে এবং কর্মকান্ডে আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া | সকল বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে অফিসে হাজির হওয়া এবং দাপ্তরিক কাজের পাশাপাশি উপজেলা প্রশাসন কর্তৃক সরকারি বিভিন্ন দিবসে এবং কর্মকান্ডে আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | জানুয়ারি/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :**<br>১। চর দমদমা, শাহজাহানপুর ও হেমন্তবাড়ী তিনটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলো উর্ধ্বমুখী সম্প্রসারণ সম্ভব নয়। অতিরিক্ত শ্রেণি কক্ষের প্রয়োজন হলে নতুন ভবন নির্মান করা যেতে পারে। সভায় সিদ্ধান্ত মোতাবেক নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয়তা বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়ার মতামত সহ প্রস্তাব উত্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা, কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ২। প্রশাসনিক ভবনসমূহ, উপজেলা পরিষদ হলরুম, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রং করণ কাজে রং এর মূল্য বাবদ অনিক ভ্যারাইটি স্টোর হতে ৩.৫ (লক্ষ টাকায়) টাকার ভাউচার পাওয়া গেছে। রং মিস্ত্রির মজুরী বাবদ ১.৫০ (লক্ষ টাকায়) টাকা ভাউচার পাওয়া গেছে। এছাড়া জাতীয় সংসদ সদস্য মহোদয়ের রুম সংলগ্ন সেফটি ট্যাংকি পরিস্কার, ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমের থাই গ্লাস লাগানো, উপজেলা প্রকৌশলী'র অফিস কক্ষে কমোড স্থাপন কাজের ভাউচার পাওয়া গেছে।<br><br>এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পশ্চিম পাশে উপজেলা পরিষদের উপজেলা পরিষদের দেয়ালটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে উক্ত কাজগুলো বাস্তবায়ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২। বিস্তারিত আলোচনান্তে প্রশাসনিক ভবনসমূহ, উপজেলা পরিষদ হলরুম, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রং করণের এবং জাতীয় সংসদ সদস্য মহোদয়ের রুম সংলগ্ন সেফটি ট্যাংক পরিস্কার, ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুমের থাই গ্লাস লাগানো, উপজেলা প্রকৌশলী'র অফিস কক্ষে কমোড স্থাপন কাজের বিল পরিশোধের নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাতের আওতায় টেন্ডার/আরএফকিউ পদ্ধতির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের উপজেলা পরিষদের দেয়ালের (পশ্চিম পাশে) জরুরী ভিত্তিতে মেরামত জন্য ২.০০ লক্ষ টাকার পিআইসি গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৩। ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দে (পঞ্চম পর্যায়) অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প আইএনএফ/৫০৮৮৯৪/২০২০-২১/০২ " উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ অক্সিজেন কনসেনট্রেটর মেশিনসহ অন্যান্য চিকিৎসা উপকরণ এবং শিক্ষার মানোন্নয়নে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উচু-নিচু বেঞ্চ সরবরাহ " এর কাজ অনুমোদিত ডিজাইন অনুযায়ী শতভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান ফ্যালকোন ইন্টারন্যাশনাল চুড়ান্ত বিলের জন্য আবেদন করেছেন। মোট বিলের পরিমান ৩১,৪৭,৩১৬ টাকা। উক্ত বিল হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তণ করা হবে। | ৩। বিস্তারিত আলোচনান্তে সরবরাহকৃত উপকরণের গুনগত মান নিশ্চিত করে চুড়ান্ত বিল প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। বিধি মোতাবেক বিল প্রস্তুতপূর্বক ইউজিডিপি ঢাকা অফিসে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া উপ প্রকল্প সংশ্লিষ্ট দপ্তর, উপজেলা উন্নয়ন সহায়ক, ইউডিএফ, ইউজিডিপি |
| | ৪। ইউজিডিপি প্রকল্পের আওতায় উল্লাপাড়া উপজেলাধীন কালিয়াকৈড় ও দহকুলা দাখিল মাদ্রাসার শ্রেণিকক্ষ নির্মাণ কাজ ঠিকাদার কর্তৃক সম্পন্ন করা হয়েছে। বিধায় চুড়ান্ত বিল প্রদান করা যেতে পারে। মোট বিল ২৯,৯৯,৪৮৮/- টাকা উক্ত বিল হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তণ পূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারকে নীট বিল পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | ৪। বিস্তারিত আলোচনান্তে ইউজিডিপি প্রকল্পের আওতায় বাস্তবায়িত কালিয়াকৈড় ও দহকুলা দাখিল মাদ্রাসার শ্রেণিকক্ষ নির্মাণ কাজের নীট বিল পরিশোধের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে ২০২৩ সালে বিনামূল্যে পাঠ্যবই সপ্তম শ্রেণিতে ৭টি বিষয়ে এবং নবম শ্রেণিতে ১২টি বিষয় ছাড়া সকল বই বিতরণ সম্পন্ন হয়েছে।<br><br>জাতীয় শিক্ষাক্রম ২০২১ উপলক্ষে প্রশিক্ষণ বাস্তবায়নের কার্যক্রম সম্পন্ন হয়েছে। যারা প্রশিক্ষণের আওতায় আসেনি তাদের জন্য প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে যা চলমান থাকবে।<br><br>৩। বিদ্যালয় পরিদর্শন অব্যাহত আছে। প্রতিবেদনাধীন মাসে এইচ টি ইমাম স্কুল এন্ড কলেজ, পাথারপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়, রাজমান দাখিল মাদ্রাসা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে শিক্ষার্থীদের জন্য বসার বেঞ্চ এর অভাব, শিক্ষার্থীদের উপস্থিতি কম, মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যবহার কম। শিক্ষকগণ পাঠ পরিকল্পনায় অনাগ্রহী মর্মে পরিলক্ষিত হয়। | যথাসময়ের মধ্যে পাঠ্য বই বিতরণ নিশ্চিত করতে হবে। বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে<br><br>সকল শিক্ষকের জন্য প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br><br>পরিদর্শকালে উদঘাটিত সমস্যা সমাধানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। পাঠ পরিকল্পনা বিষয়ে প্রয়োজনে বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১/২০২৩-২৪ মৌসুমে উফশী আউশ ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ৫০০ জন/বিঘা এর প্রনোদনা কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে। একজন কৃষক এক বিঘা উফশী আউশ ধান চাষের জন্য ০৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিনামূল্যে পাবেন। খরিপ-১/২০২৩-২৪ মৌসুমে তোষা পাটের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় তোষা পাটের বীজ সহায়তা কর্মসূচির আওতায় ৪৭০ জন/বিঘা বরাদ্দ পাওয়া গেছে। একজন কৃষক এক বিঘা জমিতে তোষা পাট চাষের জন্য ০১ কেজি তোষা পাটের বীজ সহায়তা পাবেন।<br><br>২। আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় একটি কৃষি প্রযুক্তি মেলার বরাদ্দ পাওয়া গেছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় উপস্থিতিতে ০১-০৩ মার্চ, ২০২৩ কৃষি প্রযুক্তি মেলা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রনোদনা বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে আগামী ০১-০৩ মার্চ, ২০২৩ তারিখ পর্যন্ত কৃষি প্রযুক্তি মেলা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>সভায় উপস্থিত উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান, উল্লাপাড়া পৌর শহরের সনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান ঝিকিড়া বন্দর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে একটি ঘর নিমার্নাধীন ছিল। বর্তমানে ঘরের নির্মাণ কাজ বন্ধ আছে। ঘরটি এখন এলাকাবাসী ময়লা আবর্জনা ফেলার স্থান হিসেবে ব্যবহার করছে। এর ফলে বিদ্যালয়ে পরিবেশ নষ্ট হচ্ছে এবং শিক্ষার্থীদের স্বাস্থ্য ঝুকি বাড়ছে।<br><br>ঘরটি নির্মাণ কাজ সম্পন্ন করে চুক্তিনামার মাধ্যমে ভাড়া প্রদান করা হলে বিদ্যালয়ের আর্থিক আয় বৃদ্ধি হবে সেই সাথে বিদ্যালয়ের পরিবেশ সমুন্বত রাখা সম্ভব হবে। ভাড়া বাবদ প্রাপ্ত অর্থের হিসাব উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয় এবং প্রধান শিক্ষক, ঝিকিড়া বন্দর মডেল সরকারি প্রাথমিক এর যৌথ স্বাক্ষর পরিচালনা করা যেতে পারে। | ঝিকিড়া বন্দর মডেল সরকারি প্রাথমিক পূর্ব পাশে পরিত্যাক্ত নির্মানাধীন ঘরটির নির্মাণ কাজ সম্পন্ন করে চুক্তিনামার মাধ্যমে ভাড়া প্রদান এবং ভাড়া বাবদ প্রাপ্ত অর্থের হিসাব উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয় এবং প্রধান শিক্ষক, ঝিকিড়া বন্দর মডেল সরকারি প্রাথমিক এর যৌথ স্বাক্ষর পরিচালিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br><br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br><br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কর্তৃক চলতি মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান ১৮৫৫ টি, গবাদি পশুর টিকা প্রদান ৬৩০০ টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান ৫৫১৪ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৭৬০০০, কৃত্রিম প্রজনন ১৪৪০ টি, টিকা বিক্রি বাবদ টাকা ১৫৩৮০/- টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ টাকা ৪৩২০০/- টাকা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গবাদি প্রাণির শতভাগ ভ্যাকসিন নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| | **মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, উপজেলার বাজারগুলোতে মাছে ফরমালিন ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করা হচ্ছে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | উপজেলার মাছের আড়ৎগুলোতে সঠিক ওজনের জন্য ডিজিটাল মিটারের ব্যবহার নিশ্চিত করাসহ মাছের বাজারগুলোকে ফলমালিন মুক্ত করতে প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br><br>সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান চলতি ফেব্রুয়ারি, ২০২৩ মাসে কোন যুব ঋণ বিতরণ করা হয়নি। তবে চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ১৭,১০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৪,৮৩,৬০,০০০/- টাকা। আদায়যোগ্য ঋণের পরিমান ২,৪১,২৩৬/- টাকা । চলতি মাসে ৫৫০৮ জনকে যুব প্রশিক্ষণ এবং আত্মকর্মী ৩৬৮৩ জন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের জন্য এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পে ৩০জন সহ ০২(দুই) টি ব্যাচে মোট ৬০ জন বেকার যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | ঋণ বিতরণ, ঋণ আদায় এবং প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br><br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের আওতায় ০৬টি প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদান করা হয়। একটি প্রকল্পের মাধ্যমে নির্মাণ কাজ করা হয়। চলতি মাসে কৃষি ও ক্ষুদ্র ব্যবসা খাতে ০৩টি সমিতির ৫৬ জন সদস্যের মাঝে ১৩,৯৭,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসে আদায় করা হয়েছে ২৪,৪৪,০০০/- টাকা আদায় করা হয়েছে। মুক্তিযোদ্ধা প্রকল্পে খেলাপী ঋণের পরিমান ৩,৭৬,০০০/- টাকা। পিআরডিপি ৩ এর ০৭ টি প্রকল্পের মধ্যে ১টি প্রকল্প চলমান রয়েছে। | ঋণ বিতরণ, ঋণ আদায় কাজে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | **সমবায় বিভাগ :**<br><br>উপজেলা সমবায় দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। নব নির্মিত আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে ০৩টি সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রমসহ সদস্যদের নিয়ে সভা করা হয়েছে। | আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি গঠনসহ প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br><br>১। অত্র উপজেলায় ১২৪০.০০ মেঃ টন চাল এবং ৫৯০.০০ মেঃ টন ধানের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। তন্মেধ্যে ২৯৭.৩৬০ মেঃ টন চাল সংগ্রহ হয়েছে।<br><br>২। ফেব্রুয়ারি, ২০২৩ মাসে ৭১১.০৯০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে।<br><br>৩। ফেব্রুয়ারি, ২০২৩ মাসে জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২৩ দুই মাসের | চালের গুনগত মান ও ওজন নিশ্চিত করে ক্রয় করতে হবে। প্রকৃত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। খাদ্য অধিদপ্তরের নিয়োগকৃত ৪৬ জন ডিলারের মাধ্যমে চাল উত্তোলন ও বিক্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বরাবর বিলি আদেশ জারী নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। ভূমিহীন ও গৃহহীনদের জন্য একক বাসগৃহ নির্মাণ কাজ চলমান আছে। | ভূমিহীন ও গৃহহীনদের জন্য একক বাসগৃহ নির্মাণ কাজ নিবিড় তদারিক নিশ্চিত করতে হবে। কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিত থেকে দায়িত্ব পালন নিশ্চিত করতে পুনরায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া জানান মাতৃত্বকালীন মোট ভাতাভোগীর সংখ্যা ৪৪৭৮ জন, বিউটিফিকেশন এ প্রশিক্ষনার্থীর সংখ্যা ২৫ জন, ব্লক বাটিক ২৫ জন, সেলাই মেশিন প্রশিক্ষণ ১০ জন,ভিডাব্লিউবি ২৫৯৮ জন।<br><br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচির তালিকা প্রয়োজনীয় কাগজপত্রসহ ২৮.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানান (শতভাগ জন্ম নিবন্ধনের কপিসহ)।<br><br>৩। ভিডাব্লিউবি কর্মসূচির ২০২১-২০২২ চক্রের উপকারভোগীদের সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে। যদি কোন ভাতাভোগী সঞ্চয় ফেরত না পেয়ে থাকেন তবে সংশ্লিষ্ট ডাচবাংলা ব্যাংকের সাথে যোগাযোগ করে টাকা ফেরত নিতে হবে। ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীর ১০০% জন্ম নিবন্ধনের কপিসহ আগামী ২৮.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানানো হয়। | বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আশ্রয়ণের সুবিধাভোগীদের অগ্রাধিকার প্রদানের অনুরোধ জানানো হয়।<br><br>২-৩। আগামী ২৮.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে মা ও শিশু সহায়তা কর্মসূচির তালিকা এবং ভিডাব্লিউবি কর্মসূচির ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীর ১০০% জন্ম নিবন্ধনের কপিসহ আগামী ২৮.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান নিশ্চত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| ১৭ | **উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উল্লাপাড়া**<br><br>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, উল্লাপাড়া উপজেলায় রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কিমের আওতায় নূন্যতম ৩০০ বাড়িতে (হাউজ কানেকশন) পানি সাপ্লাইয়ের জন্য ১ লক্ষ লিটারের ওভারেহেড ট্যাংকসহ গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্পের মাধ্যমে গ্রামে শহরের মত পানির সরবরাহ পাওয়া যাবে। যার ফলে আমার গ্রাম আমার শহর বাস্তবায়ন তরান্বিত হবে। উত্তোলিত পানি আয়রণ ও আর্সেনিক মুক্ত হবে।<br><br>কিন্তু এই কাজ বাস্তবায়নের জন্য নূন্যতম ০৭ শতাংশ জমি প্রয়োজন যা এই প্রকল্প থেকে অধিগ্রহণের সুযোগ নেই। এছাড়া পরিচালন ব্যয়/বিদ্যুৎ বিল বাবদ প্রতিমাসে প্রতি গ্রাহককে নূন্যতম ২০০ টাকা হারে পরিশোধ করতে হবে। | রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম বাস্তবায়নের জন্য সরকারি খাস জমি নির্বাচন অথবা ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর , উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি জানান দূর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণে ০৫ জন আনসার সদস্যকে প্রশিক্ষণে পাঠানো হয়েছে। ত্রয়োদশ গ্রন্থমেলা সুশৃঙ্খল পরিবেশে উদ্‌যাপন নিশ্চিত করতে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগ করা হয়েছে। | সন্ত্রাস, জুয়া, মাদক, বাল্য বিবাহ সহ অন্যান্য অপরাধমূলক কর্মকান্ড প্রতিরোধে আনসার সদস্যদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৯ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়ন পরিষদের ঢোকার রাস্তায় উল্লাপাড়া কামিল মাদ্রাসার গেইট নির্মাণ করা হয়েছে এবং রাস্তার পার্শ্বে শিক্ষার্থীদের সাইকেল রাখার জন্য একটি গ্যারেজ নির্মাণ করা হয়েছে। ফলে সাধারণ | ইউনিয়ন পরিষদের জায়গা জরিপের (মাপের) জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া বরাবর | চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | মানুষের চলাচলের সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি উল্লাপাড়া সদর ইউনিয়ন পরিষদ ভবনের জায়গা মাপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২০ | **চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি**<br><br>তিনি বলেন পুর্নিমাগাতী ইউনিয়ন পরিষদ ভবন নির্মানের জন্য জায়গা পাওয়া গেছে। ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ভবন নির্মানের জন্য আবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি |
| ২১ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>তিনি তার ইউনিয়নে মরা ঝুকিপূর্ণ গাছটি দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানান। | উধুনিয়া ইউনিয়নের ঝুকিপূর্ণ মরা গাছ নিলামে বিক্রির লক্ষ্যে গাছের মূল্য নির্ধারণ ও নিলামে বিক্রির বিষয়ে সংশ্লিষ্ট কমিটিকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সভাপতি সরকারি গাছ নিলাম বিক্রি সংক্রান্ত কমিটি |
| ২২ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলো সভা নিয়মিত আয়োজন সম্ভব হচ্ছে না। সভাগুলোতে ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত থাকতে অনীহা প্রকাশ করছেন। এছাড়া সদস্য সচিব হিসেবে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণও সভা আয়োজনে অনীহা প্রকাশ করছেন। ফলে জাইকা প্রকল্পে উল্লাপাড়া উপজেলার অবস্থান নিম্নগামী হচ্ছে। যা অত্র উপজেলায় উক্ত প্রকল্পের আওতায় বরাদ্দ বিভাজনকে প্রভাবিক করবে মর্মে আশংকা প্রকাশ করেন। | স্থায়ী কমিটিগুলো সভা নিয়মিত আয়োজন এবং সভায় নিয়মিত সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| ২৩ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>তিনি বিএডিসি দপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন রাস্তা ও হাইড্রোলিক ব্রীজের নির্মাণ অগ্রগতির বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থাপনের অনুরোধ জানান। | সহকারী প্রকৌশলী, বিএডিসি তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন রাস্তা ও হাইড্রোলিক ব্রীজের নির্মাণ অগ্রগতির বিস্তারিত তথ্য উপস্থাপন নিশ্চিত করবেন। | সহকারী প্রকৌশলী, বিএডিসি উল্লাপাড়া |
| ২৪ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া জানান, উপজেলা পরিষদের বেশ কিছু ভবনে ফাটল দেখা দিয়েছে। বিশেষ করে সাবেক পৌর ভবনের দোতলা (বর্তমান যুব উন্নয়ন অফিস ভবন) মারাত্নক ঝুকির মুখে রয়েছে। যে কোন সময় ধসে পড়াতে পারে এতে জানমালের ক্ষতিসাধিত হওয়া এবং সরকারি গুরুত্বপূর্ণ নথিপত্রাদি ক্ষতিগ্রস্থ হতে পারে। জরুরী ভিত্তিতে উক্ত ভবনের দ্বিতীয় তলা ভেঙ্গে ফেলা হলে ভবনের চাপ কমবে এবং ঝুকি মুক্ত হওয়া যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৩। সাবেক পৌর ভবনের দোতলায় অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসটি স্থানান্তর করে অফিসার্স ডরমেটরির দুটি কক্ষে অথবা উপজেলা জোড়াবাড়ী (হাসনাহেনা ) ভবনের একটি ইউনিটে স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৪। স্থায়ী কমিটির সভাগুলো নিয়মিত আয়োজন নিশ্চিত করতে হবে। এবং সভার নোটিশ ও কার্যবিবরণী যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে উক্ত ভবনটি পূবে কমডেম ঘোষণা করা হয়েছে কিনা সরেজমিনে পর্যবেক্ষণপূর্বক করণীয় নির্ধারণ করে আগামী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ।<br><br>৩। সাবেক পৌর ভবনের দোতলায় অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসটি স্থানান্তর করে অফিসার্স ডরমেটরির দুটি কক্ষে অথবা উপজেলা জোড়াবাড়ী (হাসনাহেনা ) ভবনের স্থানান্তরের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভাগুলো নিয়মিত আয়োজন করা এবং সভার নোটিশ ও কার্যবিবরণী যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>সংশ্লিষ্ট সদস্য সচিবগণ উল্লাপাড়া |

৫। উপজেলা পরিষদ চত্বরে সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত কল্পে একজন পরিচ্ছন্নতা কর্মী অত্যন্ত জরুরী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) অনুচ্ছেদ মোতাবেক একজন মালি ও একজন সুইপার নিয়োগের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৫। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জন্য একজন সুইপার নিয়োগের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া

৬। উল্লাপাড়া উপজেলায় নব নির্মিত এনায়েতপুর সোনার বাংলা আশ্রয়ণ ও ঘোষগাতী আশ্রয়ণ প্রকল্প, উল্লাপাড়া পৌরসভা, কালিগঞ্জ আশ্রয়ণ প্রকল্প, পঞ্চক্রোশী ইউপি, নন্দীগাতী আশ্রয়ণ প্রকল্প, দূর্গানগর ইউপি এবং পংরৌহা আশ্রয়ণ প্রকল্প, উল্লাপাড়া সদর ইউপি সহ অন্যান্য আশ্রয়ণ প্রকল্পে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া অথবা তার দপ্তরের উপযুক্ত কোন প্রতিনিধি এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া অথবা তার দপ্তরের উপযুক্ত কোন প্রতিনিধি সপ্তাহে অন্তত একদিন পরিদর্শন করে স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন এবং পরবর্তী মাসিক সভায় উপজেলা পরিষদকে অবহিত করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৬। বিস্তারিত আলোচনান্তে এনায়েতপুর সোনার বাংলা আশ্রয়ণ ও ঘোষগাতী আশ্রয়ণ প্রকল, কালিগঞ্জ আশ্রয়ণ প্রকল্প, নন্দীগাতী আশ্রয়ণ প্রকল্প, এবং পংরৌহা আশ্রয়ণ প্রকল্প, সহ অন্যান্য আশ্রয়ণ প্রকল্পে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া অথবা তার দপ্তরের উপযুক্ত কোন প্রতিনিধি এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া অথবা তার দপ্তরের উপযুক্ত কোন প্রতিনিধি সপ্তাহে অন্তত একদিন পরিদর্শন করে স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন এবং পরবর্তী মাসিক সভায় উপজেলা পরিষদকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া

৭। ইউনিয়ন ভিত্তিক জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যচিত্র:

| ইউনিয়ন | জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য | | | মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রমাপ | ০-৪৫ | শতকরা | প্রমাপ | ০-৪৫ | শতকরা |
| বাঙ্গালা | ৫৩ | ৪৮ | ৯০.০০ | ১৪ | ১৮ | ১২৪.০ |
| বড় পাঃ | ৫০ | ৪১ | ৮১.৮ | ১৪ | ০৬ | ৪৪.০০ |
| বড়হর | ৬৮ | ৫১ | ৭৪.৬ | ১৯ | ১৯ | ১০২.০ |
| দূর্গানগর | ১০৪ | ১০১ | ৯৭.৪ | ২৮ | ৩২ | ১১৪.০ |
| হাটিকুমঃ | ৮৫ | ৭৫ | ৮৮.৫ | ২৩ | ১৬ | ৬৯.০ |
| কয়ড়া | ৩২ | ২৯ | ৮৯.৫ | ৯ | ১২ | ১১০.০ |
| মোহনপুর | ৬৭ | ৭০ | ১০৪.৭ | ১৮ | ২০ | ১১০.০ |
| পঞ্চক্রোশী | ৭৫ | ৬৮ | ৯০.৮ | ২০ | ১৫ | ৭৪.০ |
| পুনির্মাগাতী | ৮৪ | ৭৬ | ৯০.৩ | ২৩ | ১০ | ৪৪.০ |
| রামকৃষ্ণপুর | ৫৪ | ৫৪ | ১০০.৫ | ১৫ | ০৮ | ৫৫.০ |
| সলঙ্গা | ৬৮ | ৬৯ | ১০১.০ | ১৯ | ১৮ | ৯৭.০ |
| সলপ | ৫৪ | ৫০ | ৯২.৬ | ১৫ | ১৬ | ১০৯.০ |
| উধুনিয়া | ৫১ | ৩০ | ৫৯.৩ | ১৪ | ১৪ | ১০২.০ |
| সদর | ৪১ | ৪৩ | ১০৩.৭ | ১১ | ১১ | ৯৮.০ |

প্রতিবেদন দৃষ্টে দেখা যায় বড় পাঙ্গাসী, পুর্নিমাগাতী, পঞ্চক্রোশী, উধুনিয়া, হাটিকুমরুল ইউনিয়ন তাদের প্রমাপ অর্জন করতে পারেনি। উপজেলা প্রতিটি ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধনের প্রমাপ অর্জনে সচেষ্ট থাকতে ইউপি সচিবদের নির্দেশনা প্রদান করা হয়।

সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সচিব, উল্লাপাড়া

২৫ **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া জানান উপজেলা পরিষদের উন্নয়নে ইউপি চেয়ারম্যানগণ ও বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। হাফিজিয়া মাদ্রাসাগুলোতে নজরদারি বৃদ্ধি করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিযোগিতা শুরু করতে হবে। গ্রামীণ রাস্তাগুলো মেরামতের উদ্যোগ গ্রহণ করতে হবে।

প্রতিটি দপ্তরের দপ্তর প্রধানগণকে যথাসময়ে অফিসে উপস্থিত ও অফিস ত্যাগ করতে হবে। পরিবারবর্গসহ উপজেলা পরিষদের সার্বক্ষণিক অবস্থান নিশ্চিত করতে হবে।

বিভাগীয় কর্মকর্তাগণ, উল্লাপাড়া

উপজেলার বিভিন্ন স্থানে জলাবদ্ধতা নিরসনে কাজ করতে হবে। উপজেলার পংখারুয়া এলাকায় জাইকার সহায়তায় বাস্তবায়নাধীন রাস্তাটির উচ্চতা ও প্রসস্থতা যাচাইকরে দেখতে হবে।

পংখারুয়া এলাকায় জাইকার সহায়তায় বাস্তবায়নাধীন রাস্তাটির পরিমাপ (উচ্চতা ও প্রসস্থতা) নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া

চেয়ারম্যান, উপজেলা পরিষদ উল্লাপাড়া জানান যে, উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন ) বিধিমালা, ২০১০ এর অনুচ্ছেদ ১৩ অনুযায়ী উক্ত

বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন ) বিধিমালা, ২০১০ এর

উপজেলা নির্বাহী

| | | | |
|---|---|---|---|
| | বিধিমালার অনুচ্ছেদ ৫ এ বর্ণিত কোন কার্যাবলী সম্পাদনের জন্য লিখিত আদেশ দ্বারা উপজেলা নির্বাহী অফিসারের নিকট ক্ষমতা অর্পণ করিতে পারিবেন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অনুচ্ছেদ ১৩ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.১৬-২০৯ তারিখ : ২৩-০২-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।